# মডেল টেস্ট– ৪

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১×৫০=৫০

১. আমাদের জাতীয় জীবনে ১৯৭১ সালের ২৬এ মার্চ গুরুত্বপূর্ণ কেন?
ক) বাংলা ভাষার স্বীকৃতি
খ) বঙ্গবন্ধুর স্বাধীনতা ঘোষণা
গ) মুজিবনগর সরকার গঠন
ঘ) পাকিস্তানি হানাদার বাহিনীর আত্মসমর্পণ

২. স্বাধীনতা যুদ্ধে পাকসেনারা আত্মসমর্পণ করেছিল কেন?
ক) ভয় পেয়ে খ) খাবার না পেয়ে
গ) আশ্রয় না পেয়ে ঘ) পরাজয় নিশ্চিত জেনে

৩. তুমি মুক্তিযুদ্ধ যাদুঘরে গিয়ে এমন সাতজনের ছবি দেখলে যাঁদেরকে বাংলাদেশ সরকার সর্বোচ্চ বীরত্বসূচক উপাধি প্রদান করেছে। তাঁদের উপাধি কোনটি?
ক) বীর উত্তম খ) বীরশ্রেষ্ঠ
গ) বীর প্রতীক ঘ) বীর বিক্রম

৪. যুদ্ধে সৈন্যবাহিনীর প্রধানের বিশ্বাসঘাতকতার ফলাফল কোনটি হতে পারে বলে তুমি মনে কর?
ক) নিশ্চিত পরাজয় খ) নিশ্চিত জয়
গ) অতি দ্রুত জয় ঘ) যুদ্ধের স্থায়িত্ব বৃদ্ধি

৫. সিপাহি বিদ্রোহের কারণ হিসেবে তুমি কোনটিকে চিহ্নিত করবে?
ক) কোম্পানির নীতি ও শোষণ খ) কোম্পানির শাসন ও শোষণ
গ) বাংলার সম্পদ পাচার ঘ) সিপাহিদের অধিকার হরণ

৬. বাংলায় ব্রিটিশ শাসনামলে নতুন নতুন স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়, ছাপাখানা প্রতিষ্ঠিত হয়। এর ফলে নিম্নের কোন ব্যবস্থার উন্নতি হয়?
ক) শিক্ষা ব্যবস্থার খ) যোগাযোগ ব্যবস্থার
গ) বাণিজ্য ব্যবস্থার ঘ) পরিবহন ব্যবস্থার

৭. সোমপুর মহাবিহারে এমন একটি নিদর্শন পাওয়া গেছে, যা বাংলার সেই সময়ের মানুষের শিল্পবোধ সম্পর্কে বিস্ময় জাগিয়ে তোলে। নিদর্শনটি কী?
ক) মূর্তি খ) টেরাকোটা
গ) মন্দির ঘ) রান্নাঘর

৮. ময়নামতি বৌদ্ধ সভ্যতার অন্যতম কেন্দ্র ছিল। তবে এখানে আর কোন ধর্মের নিদর্শন পাওয়া গেছে?
ক) হিন্দু ও জৈন খ) মুসলিম ও খ্রিস্টান
গ) বৌদ্ধ ও বৈষ্ণব ঘ) বৈষ্ণব ও হিন্দু

৯. আঠারো শতকে ফরাসি বণিকদের কাছে প্রাসাদটি (আহসান মঞ্জিল) বিক্রি করা হয়েছিল। প্রাসাদটি কে বিক্রি করেছিলেন?
ক) খাজা আলিমুল্লাহ খ) শেখ মতি উল্লাহ
গ) খাজা নাজিমুদ্দিন ঘ) খাজা আহসান উল্লাহ

১০. বাংলাদেশের মাটি চাষাবাদের জন্য খুব উপযোগী। কারণ এটা–
ক) উর্বর ব-দ্বীপ অঞ্চল খ) জলাভূমি অঞ্চল
গ) সাগরের পাশে ঘ) নদী-নালা বেশি

১১. বাংলাদেশ থেকে প্রতি বছর বিদেশে আলু রপ্তানি করা হয়? আলু রপ্তানির যথার্থ কারণ কোনটি?
ক) উদ্বৃত্ত বেশি খ) দেশে চাহিদা কম
গ) পচনশীল দ্রব্য বলে ঘ) সম্পদের সুষ্ঠু ব্যবহার

Teachingbd.com

১২. মনে কর, তুমি একজন কৃষক এবং তোমার জমি দিন দিন উর্বরতা হারাচ্ছে। এখন তুমি কী করবে?

ক আখ ফলাবো　　খ ফসল ফলাবো না
গ সার ব্যবহার করব　　ঘ জমি বিক্রি করে দিব

১৩. সালাউদ্দিনের পরিবারের লোকসংখ্যা বৃদ্ধি পাওয়ায় তিনি তার স্ত্রীকে নিয়ে অন্যত্র বসতি স্থাপন করেছেন। এর ফলে কোনটি ঘটেছে?

ক শিক্ষার হার কমেছে　　খ কৃষি জমি কমেছে
গ পরিবারের চাহিদা কমেছে　　ঘ শিক্ষার সুযোগ কমেছে

১৪. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের পক্ষে জনগণের মৌলিক চাহিদা পূরণ প্রায় অসম্ভব। এর প্রধান কারণ কী?

ক দারিদ্র্য　　খ অধিক দুর্নীতি
গ রাজনৈতিক অস্থিতিশীলতা　　ঘ অতিরিক্ত জনসংখ্যা

১৫. বাংলাদেশে প্রতিবছর খাদ্য ঘাটতি হচ্ছে এবং কৃষি জমির পরিমাণ কমে যাচ্ছে। এ উভয় সমস্যার জন্য দায়ী কোনটি?

ক জমির অভাব　　খ উন্নত কৃষি যন্ত্রপাতির অভাব
গ অতিরিক্ত জনসংখ্যা　　ঘ কৃষি শিক্ষার অভাব

১৬. মুন্সিগঞ্জের লৌহজং-এ বর্ষার সময় পদ্মা নদীর ভাঙনে বিশাল এলাকা নদীগর্ভে চলে যায়। সেখানে নদী ভাঙনের জন্য কোন ধরনের কারণকে দায়ী করা যায়?

ক প্রাকৃতিক ও মানবসৃষ্ট　　খ প্রাকৃতিক ও সাংস্কৃতিক
গ প্রাকৃতিক ও অর্থনৈতিক　　ঘ প্রাকৃতিক ও রাজনৈতিক

১৭. দুর্যোগের পূর্বাভাস জানতে পারলে তুমি কীভাবে মানুষকে সতর্ক করবে?

ক মাইকযোগে প্রচার করে　　খ হৈ হুল্লোড় করে
গ বাড়িতে বাড়িতে গিয়ে　　ঘ সভা সমিতি করে

১৮. সাহানা দক্ষিণাঞ্চলে বাস করে। তার এলাকায় কোন দুর্যোগটি প্রায় প্রতি বছরই দেখা দেয়?

ক ভূমিকম্প　　খ খরা
গ বন্যা　　ঘ নদীভাঙন

১৯. তুমি দেখতে পেলে একটি শিশুকে নির্জন স্থানে বেঁধে রাখা হয়েছে। এক্ষেত্রে তুমি কী করবে?

ক বিষয়টি এড়িয়ে যাব　　খ বন্ধুদেরকে জানাব
গ পালাতে সাহায্য করব　　ঘ বড়দেরকে জানাব

২০. হাসি একই কাজ একটানা করতে থাকে। তাকে কোন ধরনের শিশু বলা যায়?

ক স্বাভাবিক　　খ প্রতিভাবান
গ অটিস্টিক　　ঘ প্রতিবন্ধী

২১. আরমান অন্যের বাড়িতে কাজ করে। বাড়ির মালিক তাকে বাড়ির অন্যদের সমান খাবার খেতে দেয় না। আরমানের কোন অধিকার লঙ্ঘিত হচ্ছে?

ক সামাজিক　　খ অর্থনৈতিক
গ রাজনৈতিক　　ঘ মানবাধিকার

২২. আমরা প্রতিবছর ৮ই মার্চ একটি দিবস পালন করে থাকি। এই দিবসটির নাম কী?

ক আন্তর্জাতিক শিশু দিবস　　খ আন্তর্জাতিক নারী দিবস
গ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস　　ঘ আন্তর্জাতিক জনসংখ্যা দিবস

Teachingbd.com

২৩. একটি পরিবারে একজন ছেলে ও একজন মেয়ে রয়েছে। তাদের সুযোগ-সুবিধা কেমন হওয়া উচিত বলে তুমি মনে কর?
ক ছেলের সুবিধা বেশি হওয়া উচিত
খ মেয়ের সুবিধা বেশি হওয়া উচিত
গ উভয়ের সুবিধা সমান হওয়া উচিত
ঘ সুবিধা নিয়ে চিন্তা না করা উচিত

২৪. ফসলের খেতের পোকা মারার বিষ কিনে এনেছে দুলির বাবা। এটি কীভাবে সংরক্ষণ করবে?
ক লুকিয়ে রেখে
খ বাসায় না রেখে
গ স্পষ্ট অক্ষরে 'বিষ' লিখে
ঘ ঠাণ্ডা স্থানে রেখে

২৫. তুমি রাস্তায় খেলতে গিয়ে গাড়ির সামনে দুর্ঘটনার সম্মুখীন হলে। এ ধরনের সমস্যা এড়িয়ে চলতে কী করবে?
ক গাড়ি দেখে দৌড় দেবে
খ খেলার সময় সতর্ক থাকবে
গ রাস্তায় খেলবে না
ঘ দুর্ঘটনা এড়িয়ে চলবে

২৬. দেশে সুশাসন প্রতিষ্ঠায় কী ধরনের লোককে ভোট দেওয়া উচিত?
ক সৎ ও যোগ্য ব্যক্তি
খ ধনী ও নামকরা ব্যক্তি
গ নিজ দলের লোক
ঘ প্রভাবশালী ব্যক্তি

২৭. তুমি স্কুল থেকে বাসায় ফিরছ। এক্ষেত্রে কোন কাজটি করলে তুমি দুর্ঘটনায় পড়বে?
ক ট্রাফিক আইন মেনে চললে
খ জেব্রাক্রসিং ব্যবহার করলে
গ ওভারব্রীজ ব্যবহার করলে
ঘ অসাবধানে পথ চললে

২৮. পরিবার গণতন্ত্র চর্চার উৎকৃষ্ট স্থান। আমরা পরিবারে গণতন্ত্র চর্চা করতে পারি—
ক পরিবারের কথা না শুনে
খ নিজের মতামত চাপিয়ে দিয়ে
গ সবার মতামতকে গুরুত্ব দিয়ে
ঘ পরিবারের সাথে ঝগড়া না করে

২৯. শিলা ও তার বন্ধুরা মিলে বনভোজন করতে চায়। কোথায় কীভাবে করবে, সেটা কীভাবে নির্ধারণ করবে?
ক বাবার ইচ্ছানুযায়ী
খ মায়ের ইচ্ছানুযায়ী
গ অধিকাংশের পছন্দ অনুযায়ী
ঘ নিজের মত অনুযায়ী

৩০. তুমি খেলার মাঠে কী ধরনের আচরণ করবে?
ক অসহিষ্ণু
খ অসহযোগিতামূলক
গ প্রতিহিংসামূলক
ঘ গণতান্ত্রিক

৩১. ১৮৭২ সালে গারোদের সাথে ইংরেজদের যুদ্ধ হয়। এ সময় গারোদের হাতিয়ার কোনটি ছিল?
ক বন্দুক
খ বল্লম
গ পাথরের হাতিয়ার
ঘ গাছের ডাল

৩২. বাঁশের কোড়ল দিয়ে তৈরি করা হয় সুস্বাদু একটি খাবার। এটি কাদের ঐতিহ্যবাহী খাবার?
ক ওঁরাও
খ খাসি
গ গারো
ঘ ত্রিপুরা

৩৩. ম্রো জনগোষ্ঠীর সদস্য ওয়াংথাই-এর তিন বছর বয়সে কান ছিদ্র করা হয়েছে। তার কান ঐ বয়সে ছিদ্র করা হয়েছে কেন?
ক ধর্মীয় আচার হিসাবে
খ সুন্দর দেখানোর জন্য
গ সমাজের রীতি হিসাবে
ঘ পারিবারিক স্বীকৃতির জন্য

৩৪. সানি পাহাড়পুরের ঐতিহাসিক নিদর্শনটি দেখতে যেতে চায়। তাকে কোথায় যেতে হবে?
ক কুমিল্লা
খ নরসিংদী
গ নওগাঁ
ঘ বগুড়া



http://teachingbd.com

৩৫. তুমি ইউএনডিপির একজন কর্মকর্তা হলে তোমার মূল কাজ হবে কোনটি?
ক জাতিসংঘের কাজগুলোর সমন্বয় সাধন
খ প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ সংরক্ষণ করা
গ মা ও শিশুর স্বাস্থ্যরক্ষা
ঘ স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরি

৩৬. সুবর্ণজয়ন্তী কত বছর পর পর পালিত হয়?
ক ২৫ খ ৫০ গ ৭৫ ঘ ১০০

৩৭. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশকে সাহায্য করার জন্য ভারত যে সহায়তাকারী বাহিনী গঠন করে তার নাম কী?
ক মুক্তিবাহিনী খ মিত্রবাহিনী
গ যৌথবাহিনী ঘ নিয়মিত বাহিনী

৩৮. সিপাহী বিদ্রোহের নেতা কে ছিলেন?
ক চিত্তরঞ্জন দাস খ সুভাষ চন্দ্র বসু
গ মঙ্গাল পাণ্ডে ঘ তিতুমীর

৩৯. সিপাহি বিদ্রোহের সময় ভারতীয় সেনাবাহিনীতে ভারতীয় সিপাহির সংখ্যা কত ছিল?
ক ২ লক্ষ খ ৩ লক্ষ
গ ৪ লক্ষ ঘ ৫ লক্ষ

৪০. জমিদারি প্রথা বিলুপ্ত হলে কোন ভবনটি তার ঐতিহ্য হারায়?
ক আহসান মঞ্জিল খ নবাব বাড়ি
গ কুঠি বাড়ি ঘ জমিদার বাড়ি

৪১. বাংলাদেশের প্রধান ফসল কোনটি?
ক ধান খ গম গ আলু ঘ পাট

৪২. খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসা ইত্যাদি সবকিছু মিলে কী নির্ধারিত হয়?
ক জনগণের আয়-ব্যয়ের পরিমাণ খ জনগণের জীবনযাত্রার মান
গ দেশের দরিদ্রের সংখ্যা ঘ দেশের ধনীদের সংখ্যা

৪৩. প্রতি বছর কত হেক্টর জমি নদীভাঙনের শিকার হয়?
ক ৭০০০ খ ৮০০০ গ ৯০০০ ঘ ১০০০০

৪৪. জাতিসংঘ কোন সালে 'মানবাধিকার সর্বজনীন ঘোষণাপত্র' ঘোষণা করেছে?
ক ১৯২৮ খ ১৯৩৮ গ ১৯৪৮ ঘ ১৯৫৮

৪৫. বিনা কারণে শিশুদের নির্যাতন করা কোন অধিকারের লঙ্ঘন হয়?
ক পারিবারিক খ সামাজিক
গ অর্থনৈতিক ঘ মানবাধিকার

৪৬. বেগম রোকেয়া কত সালে জন্মগ্রহণ করেন?
ক ১৮৮০ খ ১৮৯০ গ ১৯০০ ঘ ১৯১০

৪৭. দেশে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য কী চালু রয়েছে?
ক আইনকানুন খ পরিকল্পনা
গ নীতি ঘ সমাজসেবা

৪৮. খেলার মাঠে ও বিদ্যালয়ে কীভাবে কাজ করবে?
ক দলগতভাবে খ এককভাবে
গ ২/৩ জনের মত নিয়ে ঘ নিজে নিজেই

৪৯. গারো সমাজে পরিবারের প্রধান কে?
ক বাবা খ মা গ বড় ভাই ঘ প্রবীণ ব্যক্তি

৫০. জাতিসংঘ দিবস পালিত হয় প্রতিবছর অক্টোবর মাসের কত তারিখে?
ক ২৩ খ ২৪ গ ২৫ ঘ ২৬

TeachingBD.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) একজন শিক্ষার্থী হিসেবে তুমি ব্রিটিশ শাসনের কোন দিকটি সবচেয়ে গ্রহণযোগ্য বলে মনে কর?

(খ) আমরা পেঁয়াজ, রসুন, আদা, মরিচ ইত্যাদি উৎপাদন করি। এগুলো খাবারে ব্যবহার করি কেন?

(গ) আমাদের দেশে আমদানির তুলনায় রপ্তানি বাড়ানোর জন্য তুমি কী সুপারিশ করবে?

(ঘ) শ্রেণিনেতাদেরকে সবাই হাসিমুখে বরণ করে নেয় কেন?

(ঙ) মনে কর, তুমি একটি আন্তর্জাতিক সংস্থার মহাসচিব। সদস্য দেশগুলোর উন্নয়নে তুমি কী করবে?

(চ) কত সালের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ বিজয় লাভ করে?

(ছ) ইংরেজি ১৭৭০ সালের ভয়াবহ দুর্ভিক্ষ কী নামে পরিচিত?

(জ) বাংলাদেশের তিনটি বৃহৎ শিল্পের নাম লেখ।

(ঝ) কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান উপাদান কী কী?

(ঞ) দুর্যোগ কাকে বলে?

(ট) জাতিসংঘ কত সালে মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র অনুমোদন করেছে?

(ঠ) বাংলাদেশে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর অনুপাত কত?

(ড) শ্রেণিনেতা নির্বাচনের ক্ষেত্রে কিরূপ মনোভাব দেখাতে হবে?

(ঢ) ত্রিপুরাদের কয়টি দফা বাংলাদেশে রয়েছে?

(ণ) দক্ষিণ এশিয়ার কতটি দেশ সার্কের সদস্য রাষ্ট্র?

৩। **ক, খ, গ, ঘ ও ঙ নং প্রশ্নসহ যেকোনো ৭টি প্রশ্নের উত্তর লেখ :** ৫×৭ = ৩৫

(ক) বাংলার নবজাগরণে রাজা রামমোহন রায় গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিলেন। তাঁর অবদান সম্পর্কে পাঁচটি বাক্য লেখ। ৫

(খ) মনে কর, তোমাদের এলাকায় আয়তনের তুলনায় জনসংখ্যা বেশি। তুমি কি মনে কর এ ধরনের জনসংখ্যা তোমাদের এলাকায় বাসস্থানের উপর প্রভাব ফেলবে? বিষয়টি চারটি বাক্যে লেখ। ১+৪=৫

(গ) আজ থেকে বহু বছর আগে মার্চ মাসের ৮ তারিখে একটি পোশাক কারখানায় নারী শ্রমিকেরা সর্বপ্রথম আন্দোলন করেন। কত সালে এ আন্দোলন সংঘটিত হয়েছিল? উক্ত আন্দোলনটি কোথায় হয়েছিল? এ আন্দোলন সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫

(ঘ) তোমার বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান হবে। শ্রেণিনেতা হিসেবে তোমার করণীয় পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঙ) ২৪শে অক্টোবর বিশ্ব জাতিসংঘ দিবস। দিবসটিতে তোমার করণীয় পাঁচটি বাক্যে লেখ। ৫

(চ) মুক্তিযুদ্ধের সময় যৌথবাহিনী কখন গঠিত হয়? যৌথ বাহিনীর প্রধান কে ছিলেন? মুক্তিযুদ্ধে যৌথ বাহিনীর ভূমিকা সম্পর্কিত তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫

(ছ) বাংলাদেশের ঐতিহাসিক নিদর্শনগুলোর প্রতি আমাদের শ্রদ্ধাশীল হওয়া উচিত কেন? পাঁচটি বাক্যে লেখ। ৫

(জ) বিভিন্ন দুর্যোগে শিশুদের লেখাপড়ায় কী কী সমস্যা হয় তা পাঁচটি বাক্যে লেখ। ৫

(ঝ) রাস্তায় পথ চলার সময় কী করতে হবে? এতে কী এড়ানো সম্ভব হবে? রাস্তা পার হওয়ার তিনটি সাধারণ নিয়ম লেখ। ১+১+৩=৫

(ঞ) পাঁচটি বাক্যে ত্রিপুরাদের উৎসবের বর্ণনা দাও। ৫

http://teachingbd.com

# মডেল টেস্ট - ৪ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | ক | ৭ | খ | ৮ | ক | ৯ | খ |
| ১০ | ক | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | গ |
| ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ |
| ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ | ৩১ | খ | ৩২ | গ | ৩৩ | গ | ৩৪ | গ | ৩৫ | ক | ৩৬ | খ |
| ৩৭ | খ | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক | ৪১ | ক | ৪২ | খ | ৪৩ | ঘ | ৪৪ | গ | ৪৫ | ঘ |
| ৪৬ | ক | ৪৭ | ক | ৪৮ | ক | ৪৯ | খ | ৫০ | খ | | | | | | | | |

২। (ক) একজন শিক্ষার্থী হিসেবে আমি ব্রিটিশ শাসনের জ্ঞান-বিজ্ঞানের প্রসার-এ দিকটিকে সবচেয়ে গ্রহণযোগ্য বলে মনে করি।

(খ) আমরা পেঁয়াজ, রসুন, আদা, মরিচ ইত্যাদি খাবারে ব্যবহার করি খাবারকে সুস্বাদু করার জন্য।

(গ) আমাদের দেশে আমদানির তুলনায় রপ্তানি বাড়ানোর জন্য আমি উৎপাদন বৃদ্ধির সুপারিশ করব।

(ঘ) সবার মতামতে নির্বাচিত হওয়ায় শ্রেণিনেতাদেরকে সবাই হাসিমুখে বরণ করে নেয়।

(ঙ) সদস্য দেশগুলোর উন্নয়নে আমি বন্ধুত্ব, সম্প্রীতি ও সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তুলব।

(চ) ১৯৭০ সালের সাধারণ নির্বাচনে আওয়ামী লীগ নিরঙ্কুশ বিজয় লাভ করে।

(ছ) ইংরেজি ১৭৭০ সালের ভয়াবহ দুর্ভিক্ষ 'ছিয়াত্তরের মন্বন্তর' নামে পরিচিত।

(জ) বাংলাদেশের তিনটি বৃহৎ শিল্প হলো— সার শিল্প, কাগজ শিল্প ও চিনি শিল্প।

(ঝ) কোনো দেশের অর্থনৈতিক উন্নয়নের প্রধান উপাদান তিনটি যথা— জনসম্পদ, প্রাকৃতিক সম্পদ ও মূলধন।

(ঞ) দুর্যোগ একটি মারাত্মক পরিস্থিতি যা প্রাণী এবং পরিবেশের অনেক ক্ষতি করে।

(ট) জাতিসংঘ ১৯৪৮ সালে মানবাধিকার সার্বজনীন ঘোষণাপত্র অনুমোদন করেছে।

(ঠ) বাংলাদেশে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর অনুপাত হলো— ৮১% : ৮৪%।

(ড) শ্রেণিনেতা নির্বাচনের ক্ষেত্রে গণতান্ত্রিক মনোভাব দেখাতে হবে।

(ঢ) ত্রিপুরাদের ১৬টি দফা বাংলাদেশে রয়েছে।

(ণ) দক্ষিণ এশিয়ার ৮টি দেশ সার্কের সদস্য রাষ্ট্র।

Teachingbd.com